# শালতোরা নেতাজী সেন্টেনারী কলেজ

সঞ্চিতা সাঁতরা

সহকারী অধ্যাপিকা

সংস্কৃত বিভাগ



# ছন্দোমঞ্জরী
# আচার্য গঙ্গাদাস

## পাঠ্য বিষয়

## ‘গণ’ সম্বন্ধে সংক্ষিপ্ত ধারণা

# গণ

সংস্কৃত ছন্দের সমস্ত  ছন্দকে দশটি অক্ষর দ্বারা বোঝান হয়।

গণ শব্দটির সাধারণ অর্থ হল– সংঘ বা দল ।

তিনটি অক্ষরের সমষ্টিকে গণ বলা হয়।

ছন্দঃশাস্ত্রে  কিছু সাংকেতিক অক্ষরের দ্বারা গণ প্রকাশ করা হয় ।

# গণের শ্রেণীবিভাগ

আচার্য গঙ্গাদাস ‘ছন্দোমঞ্জরী’

গ্রন্থে বলেছেন –

“ম্যরস্তজভ্নগৈর্লান্তৈরেভির্দশভিরক্ষরৈঃ।
সমস্তং বাঙ্ময়ং ব্যাপ্তং ত্রৈলোক্যমিব বিষ্ণুণা।”

ম, য,র,স,ত,জ,ভ,ন,গ, এবং ল এই দশটি অক্ষরে

সমস্ত বৃত্ত পরিব্যাপ্ত অর্থাৎ এই ১০ টি অক্ষর দ্বারা

যে সংকেত করা হবে তার দ্বারাই সমস্ত বৃত্ত বুঝতে পারা যাবে,

বিষ্ণু যেমন বিশ্ব সংসার ব্যাপিয়া আছেন, এরূপ এই দশটি

অক্ষর দ্বারা সমস্ত বৃত্ত পরিব্যাপ্ত হয়ে আছে।

# দশটি গণের লক্ষণ বা বর্ণ বিন্যাস বিষয়ে ছন্দোশাস্ত্রের নির্দেশ –

গণ দশটি। যথা– ম, ন, ভ, য, জ, র, স, ত, গ এবং ল। এদের মধ্যে প্রথম আটটি গণ তিনটি করে অক্ষর নিয়ে গঠিত এবং শেষ দুটি গণ গ এবং ল একটি করে অক্ষর নিয়ে গঠিত ।

“মস্ত্রিগুরুস্ত্রিলঘুশ্চ নকারঃ
ভাদিগুরুঃ পুনরাদি লঘুর্যঃ।
জো গুরুমধ্যগতো রলমধ্যঃ
সোহন্তগুরুঃ কথিতোহন্তলঘুস্তঃ।।
গুরুরেকো গকারস্তু লকারো লঘুরেককঃ।
ক্রমেণ চৈষাং রেখাভিঃ সংস্থানং দর্শ্যতে যথা।।”

# ম, ন,ভ,য,জ গণের বর্ণ বিন্যাস

1. ম = মস্ত্রিগুরু: – তিনটি বর্ণই গুরু হলে 'ম' গণ হয় l যেমন – শ্রীদুর্গা ( _ _ _ ) (শ্ র্ ঈ দ্ উ র্ গ্ আ)।
2. ন – ত্রিলঘুশ্চ নকারো – তিনটি বর্ণ লঘু হলে 'ন' গণ হয়l যেমন – ভবতি (UUU) (ভ্ অ ব্ অ ত্ ই)
3. ভ = ভাদিগুরুঃ – অর্থাৎ প্রথম বর্ণটি গুরু এবং শেষের বর্ণ লঘু হলে 'ভ' গণ হয়। যেমন – খাদতি ( U _ U) (খ্ আ দ্ অ ত্ ই)
4. য – পুনরাদি লঘুর্যঃ – প্রথম বর্ণটি লঘু এবং শেষের দুটি বর্ণ গুরু হলে 'য' গণ হয়। যেমন – মনীষা ( _ U _ ) (ম্ অ ন্ ঈ ষ্ আ)
5. জ – জো গুরুমধ্যগতো – অর্থাৎ মাঝের বর্ণটি গুরু হলে 'জ' গণ হয়।

   যেমন – কলাপ (U _ U) (ক্ অ ল্ আ প্ অ)।

# র, স, ত, গ , ল গণের বর্ণবিন্যাস

**6. র– রলমধ্যঃ–** অর্থাৎ মাঝের বর্ণটি লঘু হলে ‘র’গণ হয়।

যেমন – **মঙ্গলা( _ U _) (ম্ অ ঙ্ গ্ অ ল্ আ)।**

**7.স– সোহন্তগুরুঃ–** অর্থাৎ শেষের বর্ণটি গুরু হলে ‘স’ গণ হয়।

যেমন –**কমলা (U U _) (ক্ অ ম্ অ ল্ আ)।**

**8. ত – কথিতোহন্তলঘুস্তঃ –**অর্থাৎ শেষের বর্ণটি লঘু হলে ‘ত’ গণ হয়।

যেমন– **ৰধ্নাতি (_ _ U) (ৰ্ অ ধ্ ন্ আ ত্ ই)।**

**9. গ– গুরুরেকো গকারস্তু –** অর্থাৎ বর্ণটি গুরু হলে ‘গ’ গণ হয়।

যেমন – **শ্রীঃ (_) (শ্ র্ ঈঃ)।**

**10.ল– লকারো লঘুরেককঃ –** বর্ণটি লঘু হলে ‘ল’ গণ হয়।

যেমন– **উ–(U) (উ)।**

# অভ্যাস

उदाहरणम्

पर्वतः,

आकृतिः,

पवनम्,

इन्द्रेण,

कुसुमम्,

कुजति, पीड़िता, नरेभ्यः

# अभ्यासः

अर्थो हि कन्या परकीय एव
तामोद्य संप्रेष्य परिग्रहितुः।

- जातो ममायं विशदः प्रकामं
- प्रत्यर्पितन्यास इवान्तरात्मा।।

